# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৮৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৮৭]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الْإِفْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ৮: যে বাক্য দ্বারা সালাত শুরু করা হয়

القول الذي يفتتح به الصلاة

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ شُجَاعٍ الْمَرُّوذِيُّ، قال: حَدَّثَنَا إِسْمَاعِيلُ، عَنْ حَجَّاجٍ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ عَوْنِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنِابْنِ عُمَرَ، قال: بَيْنَمَا نَحْنُ نُصَلِّي مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ رَجُلٌ مِنَ الْقَوْمِ: اللَّهُ أَكْبَرُ كَبِيرًا وَالْحَمْدُ لِلَّهِ كَثِيرًا وَسُبْحَانَ اللَّهِ بُكْرَةً وَأَصِيلًا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنِ الْقَائِلُ كَلِمَةَ كَذَا وَكَذَا فَقَالَ رَجُلٌ مِنَ الْقَوْمِ: أَنَا يَا رَسُولَ اللَّهِ، قَالَ: عَجِبْتُ لَهَا وَذَكَرَ كَلِمَةً مَعْنَاهَا فُتِحَتْ لَهَا أَبْوَابُ السَّمَاءِ قَالَ: ابْنُ عُمَرَ مَا تَرَكْتُهُ مُنْذُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُهُ.

تخريج دارالدعوه: انظر ما قبله (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 887 ـ صحيح

বাংলা

৮৮৬. মুহাম্মাদ ইবনু শুজা আল মাররূযী (রহ.) ..... ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন যে, আমরা রাসূলুল্লাহ (সা.) এর সাথে সালাত আদায় করছিলাম। এমন সময় উপস্থিত মুসল্লীদের মধ্য থেকে এক ব্যক্তি বলে উঠল- “আল-হু আকবার কাবীরা-, ওয়াল হামদুলিল্লা-হি কাসীরা-, ওয়া সুবহা-নাল্ল-হি বুকরাতাও ওয়াআসীলা-” (আল্লাহ অতি মহান, আর আল্লাহর অনেক অনেক প্রশংসা আর আমি সকাল-সন্ধ্যায় আল্লাহর পবিত্রতা ঘোষণা করি)। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, এমন এমন শব্দগুলো কে বলেছে? তখন ঐ ব্যক্তি বললো, আমি হে আল্লাহর রসূল! তিনি বললেন, আমি এ বিষয়ে আশ্চর্যবোধ করলাম। তারপর তিনি যা বললেন, এর অর্থ হল, এর কারণে আকাশের দরজাসমূহ খুলে দেয়া হয়েছে। ইবনু উমার (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (সা.) -কে এ কথা বলতে শোনার পর হতে আমি কখনো তা পড়া বাদ দেইনি।

## English

8. The Saying With Which The Prayer Is Begun

It was narrated that Ibn Umar said: While we were praying with the Messenger of Allah (ﷺ), a man among the people said: 'Allahu Akbaru kabira, wal-hamdu Lillahi kathira, wa subhan-Allahi bukratan was asila (Allah is Most Great and much praise be to Allah and glorified be Allah at the beginning and end of the day).' The Messenger of Allah (ﷺ) said: 'Who is the one who said such and such?' A man among the people said: 'I did, O Messenger of Allah.' He said: ' I like it,' and he said words to the effect that the gates of the Heavens had been opened for it. Ibn Umar said: I never stopped saying it since I heard the Messenger of Allah (ﷺ) say that.

### ফুটনোট

সহীহ: মুসলিম ৬০২, তিরমিযী ৩৫৯২, মুসনাদে আহমাদ ৪৬২৭। [দ্রঃ ৮৮৫]।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87260

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন